

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৪১

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البیوع)

পরিচ্ছেদঃ ৬২. যে ব্যক্তি কোনো মুসলিমের সম্পদ (মিথ্যা) কসমের মাধ্যমে দখল করে তার সম্পর্কে

باب فِيمَنْ اقْتَطَعَ مَالَ امْرِئٍ مُسْلِمٍ بِيَمِينِهِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَعْقُوبَ الْكُوفِيُّ عَنْ إِسْمَعِيلَ بْنِ جَعْفَرٍ عَنْ الْعَلَاءِ عَنْ مَعْبَدِ بْنِ كَعْبِ السَّلَمِيِّ عَنْ أَخِيهِ عَبْدِ اللَّهِ بْنِ كَعْبٍ عَنْ أَبِي أَمَامَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ اَقْتَطَعَ حَقَّ امْرِئٍ مُسْلِمٍ بِيَمِينِهِ فَقَدْ أَوْجَبَ اللَّهُ لَهُ النَّارَ وَحَرَّمَ عَلَيْهِ الْجَنَّةَ فَقَالَ لَهُ رَجُلٌ وَإِنْ كَانَ شَيْئًا يَسِيرًا يَا رَسُولَ اللَّهِ قَالَ وَإِنْ قَضِيبٌ مِنْ أَرَاكٍ

বাংলা

২৬৪১. আবূ উমামা আল-হারিসী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেনঃ "কোন ব্যক্তি অপর মুসলিমের প্রাপ্য স্বত্ব মিথ্যা শপথের মাধ্যমে কর্তন করে নিলে আল্লাহ তার জন্য জাহান্নাম অবধারিত করে দিবেন এবং জান্নাত হারাম করে দিবেন। উপস্থিত লোকজনের মধ্য থেকে এক ব্যক্তি বললো, ইয়া রাসূলাল্লাহ! যদি তা সামান্য জিনিস হয়। তিনি বললেনঃ "যদি তা পিলু গাছের একটি কর্তিত ডালও হয়।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, ঈমান ১৩৭।

আমরা এর তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫০৮৭ তে।

সংযোজনী: এছাড়াও, আবূ আওয়ানাহ ১/৩২; বাইহাকী, মা'রিফাহ নং ২০০৬১; ইবনু হাযম, আল মুহাল্লা ৯/৩৯১; ইবনু আবী শাইবা ৭/৩ নং ২১৮৪। পরবর্তী টীকাটিও দেখুন।



এর শাহিদ হাদীস রয়েছে আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু হতে, আমরা যার তাখরীজ দিয়েছি মুসনাদুল মাওসিলী নং ৫১১৪; সহীহ ইবনু হিব্বান নং ৫০৮৪, ৫০৮৫, ৫০৮৬; মুসনাদুল হুমাইদী নং ৯৫ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ হারিসী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন